গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
আগারগাঁও, ঢাকা
(ভ্যাট বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)

সিস্টেমস ম্যানেজার দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডায়েরী নং
তারিখ ০৭/১১/২৫

## সভার কার্যবিবরণী

**বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটির সভার কার্যবিবরণী।**

ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটি এর অর্ন্তগত ঢাকাস্থ সকল উপ-কমিটি ও ঢাকার বাইরের সকল আঞ্চলিক উপ-কমিটির নির্ধারিত কার্যপরিধির সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ০৫/১১/২০২৫ খ্রিঃ তারিখ, সকাল ০৯:৩০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য (ভ্যাট বাস্তবায়ন ও আইটি) ও আহবায়ক, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটি।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ পালন উপলক্ষে গঠিত উপ-কমিটি ভিত্তিক বাজেট ধারণাসহ বণ্টনকৃত কার্যের হালনাগাদ তথ্য ও পরবর্তী করণীয় বিষয়ে আলোকপাত করার জন্য উপ-কমিটির আহবায়কগণ এবং আঞ্চলিক কমিটির আহবায়কগণকে অনুরোধ করেন। অতঃপর, সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের কার্যপরিধির বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপঃ

**(১) আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক-১, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) ও চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়ন;
- আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ; এবং
- অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

**সিদ্ধান্ত:**

- চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণ করতে হবে।
- আমন্ত্রণপত্রের খসড়া/নমুনা প্রস্তুতপূর্বক অনুমোদন গ্রহণ করা।
- জনসংযোগ কর্মকর্তার সাথে আলোচনাক্রমে ইলেকট্রনিক, ডিজিটাল ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের দাওয়াত নিশ্চিত করা।

CamScanner

(২) সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটি:

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- সেমিনারের জন্য সিম্পল ফোল্ডার তৈরি করা;
- ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি তৈরি করা;
- কি-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটির নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে ফোল্ডারে প্রদান;
- ফোল্ডারে কি-নোট, প্যাড, কলম ও স্টিকার দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের নির্ধারিত আসনে তা বিতরণ;
- সম্মেলন কক্ষের অতিথি ও সকলের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান নিশ্চিত করা;
- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া;
- কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা;
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান; এবং
- সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা নিশ্চিত করা।

**সিদ্ধান্ত:**

- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া।
- প্রয়োজনীয় সংখ্যক সিম্পল ফোল্ডার (কি-নোট, প্যাড ও কলম) ইত্যাদি প্রস্তুত করা।
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাপূর্বক নির্ধারণ।
- স্টিকারের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাপূর্বক নির্ধারণ করা।

(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি:

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন; এবং

CS CamScanner

➤ মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন।

**সিদ্ধান্ত:**

- মঞ্চসজ্জায় আড়ম্বরতা পরিহার করতে হবে।
- মূল সেমিনারের বাইরে আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থা রাখতে হবে।
- সম্মেলন কক্ষের ভিতরে মঞ্চে উপবিষ্ট অতিথিদের সামনে দুইটি এলইডি ও সাধারণ অতিথিদের সামনে দুইটি এলইডি এবং বাইরের লোকসমাগম হয় এরূপ সুবিধাজনক স্থানে কমপক্ষে দুইটি বড় স্ক্রিনের ব্যবস্থা করতে হবে। মূল সেমিনার কক্ষসহ মূল সেমিনারের বাইরে খোলা জায়গায় আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থাসহ বড় টিভির ব্যবস্থা রাখা হবে।
- রাস্তার সাজসজ্জার প্রয়োজন নেই, তবে মূল ফটক ও দৃশ্যমান স্থানসমূহের সাজসজ্জা করতে হবে।
- মঞ্চের টেবিল বিগত বছরের মত আলাদাভাবে বানানোর প্রয়োজন নেই, সাধারণ টি-টেবিল ব্যবস্থা করা যেতে পারে।
- মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন।
- অনুষ্ঠানস্থলের চিত্র এবং ভিডিও ধারণ করার জন্য একজন স্থির ক্যামেরাম্যান এবং একজন ভিডিও ক্যামেরাম্যান যেন সার্বক্ষণিক থাকে সে বিষয়ে খেয়াল রাখতে হবে।

**(৪) কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ০২ | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য |
| ০৩ | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী | সদস্য |
| ০৪ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| ০৫ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৬ | অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

➤ উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে তা ফোল্ডারে প্রদানের লক্ষে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

**সিদ্ধান্ত:**

- কি-নোট পেপার সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা।
- উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে তা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে ছাপিয়ে তা ফোল্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

**(৫) অভ্যর্থনা উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টম হাউস, পানগাঁও | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

CS CamScanner

➢ উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের গ্রহণ, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেন; এবং

➢ মত বিনিময় সভায় অংশগ্রহণকারী উপদেষ্টা মহোদয় ও বিশিষ্ট অতিথিবৃন্দ এর মধ্যে যারা উপস্থিত থাকবেন তাদেরকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে প্রটোকল সহকারে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো।

**সিদ্ধান্ত:**

- সুন্দর ও সংগঠিত করার লক্ষ্যে অনুষ্ঠানের দিন সকলকে স্বতন্ত্র দৃশ্যমান আইডি কার্ডসহ পুরুষদের কালো রঙের ড্রেস পরিধান করতে হবে। মহিলাদের যেকোন সদৃশ রঙের শাড়ী পরিধান করতে হবে।
- প্রধান অতিথি ও বিশেষ অতিথির আগমনের বিষয়ে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

**(৬) সর্বোচ্চ মুসক প্রদানকারী করদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক-১, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য সচিব |

**সিদ্ধান্ত:**

- দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সর্বোচ্চ মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানকে পুরস্কার (সম্মাননা ও ক্রেস্ট) প্রদান করা হবে না।

**(৭) আপ্যায়ন উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার , কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

➢ সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে সেমিনারে প্যাকেট মধ্যাহ্নভোজ পরিবেশনের মেন্যু নির্ধারণ করতে হবে এবং উদযাপন কমিটির আহবায়কের সাথে আলোচনা করে খাবার মেন্যু চূড়ান্ত করতে হবে;

➢ যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস ও সজ্জিতকরণ;

CS CamScanner

➢ সেমিনারে উপস্থিত অতিথি সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নির্ধারণ করা হবে অতিথি এবং গাড়িচালকদের জন্য পৃথকভাবে খাবার সরবরাহ করা হবে; এবং

➢ উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্টিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত:**

- মূল অতিথি ৫০০, রাজস্ব ভবনে কর্মরত ৬০০, ড্রাইভারসহ অন্যান্য ৪০০ জন; মোট ১৫০০ (পনেরোশো) জনের প্যাকেট মধ্যাহ্নভোজের আয়োজন করা; প্রয়োজন হলে আলোচনা সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি করা যেতে পারে।
- প্যাকেট মধ্যাহ্নভোজ বিলি-বন্টনের জন্য আলাদা কমিটি গঠন করতে হবে।
- ডিজিটাল, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আপ্যায়নের বিষয়ে PRO, জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- জাতীয় রাজস্ব বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীদের খাবার বিতরণের বিষয়টি বোর্ড প্রশাসনের সাথে সমন্বয় করে কার্যক্রম সম্পাদন করতে হবে।

**(৮) টক-শো আয়োজন উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

➢ ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন;

➢ এছাড়া নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজন:

(১) মাননীয় অর্থ উপদেষ্টা;
(২) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
(৩) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য;
(৪) এফবিসিসিআই এর সভাপতি/প্রশাসকসহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ;

➢ এ লক্ষে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ;

➢ সেমিনার অনুষ্ঠান/টক শো-তে অংশগ্রহণের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ;

➢ ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ;

➢ ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা; এবং

➢ টক শো উপ-কমিটিতে PRO, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক শো উপ-কমিটির সদস্য হিসেবে PRO, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও

CS CamScanner

আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। ভ্যাট দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূর্বে তা প্রস্তুত করতে হবে।

**সিদ্ধান্ত:**

- খসড়া প্রেস রিলিজ প্রস্তুতপূর্বক চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।
- চেয়ারম্যান মহোদয় কোন কোন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন তা নিশ্চিতকরণ।
- টক শোর বক্তা নির্বাচনে নতুন কমিশনার ও ভালো বক্তাদের প্রাধান্য দিতে হবে।
- টক শোর গাইড লাইন প্রস্তুত করা (টার্গেট/অর্জনসহ ভ্যাট নিবন্ধন বৃদ্ধি এবং জনসচেতনতা বৃদ্ধিতে গুরুত্ব আরোপ করতে হবে)।
- সাংবাদিক সম্মেলনের দিন আপ্যায়ন উন্নতমানের করতে হবে।

**(৯) ফ্লাইয়ার ও স্টিকার তৈরি ও বিতরণ উপ-কমিটি:**

| ক্র: নং: | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে বিশেষ ফ্লাইয়ার ও স্টিকার কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা;
- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান-সম্বলিত ফ্লাইয়ার ও স্টিকার এর নমুনা অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুতকরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ; এবং
- ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস এম এস (SMS) প্রেরণ।

**সিদ্ধান্ত:**

- দ্রুততম সময়ের মধ্যে কমিশনারেটসমূহ থেকে স্লোগান সংগ্রহ করে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে মূল প্রতিপাদ্য ও অন্যান্য স্লোগান চূড়ান্ত করতে হবে।
- মূল লোগো ও অন্যান্য ডিজাইন দ্রুত তৈরীর উদ্যোগ ১০/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে সম্পন্ন করতে হবে।
- নির্বাচিত স্লোগান দিয়ে ফ্লাইয়ার ও স্টিকার তৈরী করতে হবে।
- সুন্দর একটি ফ্লাইয়ার ও স্টিকার এর নমুনা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিয়ে তৈরি করতে হবে।
- ভ্যাট বিষয়ক নির্বাচিত স্লোগান মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রচারের জন্য বিটিআরসি বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে।

**(১০) ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ও প্ল্যাকার্ড উপ-কমিটি:**

| ক্র: নং: | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |

CS CamScanner

| | | |
|---|---|---|
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছ্রতাসাধন নীতি অনুসরণ করে সীমিত আকারে দিবসটি উদযাপনের বিষয়টি বিবেচনায় রেখে সাজসজ্জার আয়োজন করতে হবে;
- ঢাকাস্থ গুরুত্বপূর্ণ ও জনসমাগম হয় সেসব স্থানে বিশেষ করে সড়ক, সড়কদ্বীপ ও ফ্লাইওভার, ওভারব্রিজ ইত্যাদি স্থানে ব্যাঁনার, রোল ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড দ্বারা সজ্জিত করা;
- এক্ষেত্রে রাজস্ব ভবন ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জাপূর্বক ভ্যাট বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে উপ-কমিটি, উদযাপন কমিটির আহবায়ককে অবহিত রেখে এর পরিধি চূড়ান্ত করবেন;
- ব্যানারে কী বাণী/স্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ; এবং
- ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবেন।

**সিদ্ধান্ত:**

- দ্রুততম সময়ের মধ্যে নতুন দুইটি টিভিসি/বিজ্ঞাপন নির্মাণ ও ব্যাপক প্রচার করতে হবে।
- বিগত বছরের ন্যায় রোল ব্যানার, এক্স ব্যানার এবং ফেস্টুন তৈরি করা হবে; উক্ত ব্যানার ও প্রচারণার কন্টেন্টসমূহ চেয়ারম্যান মহোদয়কে দেখিয়ে অনুমোদন করে নিতে হবে।
- ঢাকার গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ করে জনবহুল মোড়গুলোর ডিজিটাল মাধ্যমের বিলবোর্ড ব্যবহার করে ভ্যাট বিষয়ক প্রচার-প্রচারণা চালানো।

**(১১) ক্রোড়পত্র উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক-১, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলি সূচারুরূপে সম্পাদনের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।
- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের কমপক্ষে একদিন পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পপআপসহকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত:

CS CamScanner

- ক্রোড়পত্রের নমুনা প্রস্তুত করে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত করতে হবে।

**(১২) অডিট উপ-কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

- উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহবায়কের নিকট প্রেরণ করবেন; এবং
- অডিট কার্যক্রম মার্চ, ২০২৬ এর মধ্যে সম্পন্ন করবেন।

**সিদ্ধান্ত:**

- কার্যক্রম পর্যবেক্ষণ করা হচ্ছে। কার্যক্রম শেষে অডিট করা হবে।

**(১৩)**

| আঞ্চলিক উপ-কমিটি | সিদ্ধান্ত |
|---|---|
| ১. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা**<br>২. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**<br>৩. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**<br>৪. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর**<br>৫. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর**<br>৬. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা**<br>৭. **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম** | ➢ উপ-কমিটির আহবায়ক ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন।<br>➢ জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন নতুন ভ্যাট নিবন্ধন ও জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী এবং সুসংগঠিত রাখতে হবে। |
| ➢ ঢাকা ও ঢাকার বাইরে সকল বিভাগীয় দপ্তরে অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজন করার লক্ষ্যে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বিবেচনায় নিয়ে সভায় বেশ কিছু আঞ্চলিক উপ-কমিটির আহবায়ক/প্রতিনিধিগণ বিগত বছরের বরাদ্দকৃত বাজেটের তুলনায় বৃদ্ধি করার অনুরোধ করেন। সভাপতি এ বিষয়ে আশ্বস্ত করে সরকারের কৃচ্ছ্রতাসাধন নীতি অনুসরণপূর্বক সীমিত কিন্তু পর্যাপ্ত বাজেট বরাদ্দ প্রদানের আকাঙ্খা প্রকাশ করেন। | |

০৩। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক, নতুন ভ্যাট নিবন্ধন বৃদ্ধিমূলক কার্যক্রমের অংশ হিসেবে ১০-১৫ ডিসেম্বর, ২০২৫ ভ্যাট সপ্তাহকে ভ্যাট নিবন্ধন সপ্তাহ হিসাবে পালন করার জন্য সকল ভ্যাট কমিশনারেটে/বিভাগে/সার্কেলে সেবা কেন্দ্র চালুসহ বিভাগীয়/সার্কেল দপ্তরের মাধ্যমে বিভিন্ন শপিংমল ও বাজারসমূহে অনিবন্ধিত ব্যবসা প্রতিষ্ঠানকে তৎক্ষণাৎ নিবন্ধনসহ ভ্যাট কেন্দ্রিক বিভিন্ন সমস্যার সমাধান নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

CamScanner

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(মোঃ আজিজুর রহমান)
সদস্য
মূসক বাস্তবায়ন ও আইটি
এবং আহবায়ক
ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটি

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০/ ৪৯৭

তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা/আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/ বেনাপোল, যশোর।
৮. মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৪. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ ঢাকা-১/২, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৮. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
২০. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৯/১১/২৫

প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
(মূসক করদাতা সেবা)

CS CamScanner